



পড়ুয়া শিশু গড়ে তোলার সহজ উপায়

সময়ের আগেই আপনার সন্তানকে বই পড়তে দিন এবং স্কুলে সাফল্যের উপযোগী করে তুলুন!

- ☑ আপনার শিশুকে বই পড়ে শুনান এবং বইয়ের ছবি দেখান। আপনিই আপনার সন্তানের প্রথম শিক্ষক।
- ☑ প্রতি সপ্তাহেই পরিবারের সবাইকে নিয়ে লাইব্রেরী দর্শন করুন। পরিবারের সবাইকে লাইব্রেরী থেকে পছন্দ মত বই নিতে সাহায্য করুন।
- ☑ আপনার নিকটস্থ পাবলিক লাইব্রেরী থেকে বিনামূল্যে লাইব্রেরী কার্ড সংগ্রহ করুন।
- ☑ বিনামূল্যে মজাদার সব কর্মশালা, গল্প ও পাঠ প্রতিযোগিতা, কারুশিল্প এবং আরো অনেক গঠনমূলক অনুষ্ঠান উপভোগের জন্যে আপনার শিশুকে সামার রিডিং প্রোগ্রামে সাইন আপ করুন।
- ☑ সন্তানের সাথে একত্রে বসে টেলিভিশন দেখুন এবং দেখার সময় ক্লোজড ক্যাপশন ব্যবহার করুন যেন শিশুরা যে কথা শুনছে একই সাথে তা পড়তেও পারে।
- ☑ রান্না-বান্না, খাবার, ভ্রমণ অথবা কেনাকাটার সময় আপনার সন্তানের সাথে কথা বলুন এবং গল্প শুনান। এতে আপনার শিশুর শব্দ ও জ্ঞানের ভান্ডার বাড়বে।
- ☑ দিনের শুরুতে এবং ঘুমুতে যাবার সময় আপনার শিশুকে গুনগুনিয়ে গান শুনান।
- ☑ আপনার সন্তানকে বই, তালিকা, মানচিত্র কিংবা ক্রেয়ন দিয়ে লাইব্রেরী, রেস্টুরেন্ট, যাদুঘর অথবা স্কুল বানিয়ে খেলতে উৎসাহিত করুন। শিশুরা খেলা-ধুলার মাধ্যমেই সবচেয়ে ভাল শিক্ষা গ্রহন করে!
- ☑ শিশুদের সাথে নিয়ে আপনার বাজার তালিকা, জন্মদিনের আকাঙ্ক্ষিত উপহারের তালিকা অথবা প্রিয় বইয়ের তালিকা তৈরী করুন।
- ☑ এক ঝুড়ি বই নিয়ে পড়তে পড়তে চলে যান সমুদ্র পাড়ে, সূর্যের নিচে, পুকুর পাড়ে কিংবা বাহিরে যে কোন জায়গায়।
- ☑ আপনার শিশুকে কি কি বই পড়ে শুনিয়েছেন তার একটি তালিকা সারাবছর ফ্রিজে ঝুলিয়ে রাখুন।
- ☑ প্রতি রাতে ঘুমুতে যাবার সময় শিশুকে গল্প পড়ে শুনান!

আরো তথ্যের জন্য আপনার নিকটস্থ পাবলিক লাইব্রেরীর লাইব্রেরীয়ানের সাথে কথা বলুন এবং নিচের সাইটে যান

www.summerreadingnys.org

New
York State
Library

Summer Reading at New York Libraries প্রোগ্রামটি New York State Education Department এর Office of Cultural Education আয়োজিত, Federal Library Services and Technology Act এর তহবিল এবং Federal Institute of Museum and Library Services প্রেরিত New York State Library-র পুরস্কৃত তহবিল দ্বারা যৌথ ভাবে পরিচালিত।